গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
সাতক্ষীরা
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে ২৪ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন (৩য় পর্যায়) উপলক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন কমিশন সচিবালয়ের ১৪ মার্চ ২০১৯ এর ১৭.০০.০০০০.০৭৯.৪০.০১৩.১৯-১৫৮ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক সাতক্ষীরা জেলার অধিক্ষেত্রে কতিপয় নৌ-যান চলাচলের উপরে নিম্নরূপ নিষেধাজ্ঞা আরোপ করা হ'ল।

| ক্রম | চলাচল নিষিদ্ধ নৌ-যান এর ধরণ | যে সময়কাল পর্যন্ত এই নিষেধাজ্ঞা কার্যকর থাকবে |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | নৌ-যান যেমন- (১) লঞ্চ (২) ইঞ্জিন চালিত সকল ধরণের নৌ-যান (৩) স্পিড বোট। | পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৩ মার্চ ২০১৯ তারিখ ১২:০০ টা হতে ভোট গ্রহণের দিন অর্থাৎ ২৪ মার্চ ২০১৯ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত |

২। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। সেই সাথে নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত নৌ-যান চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। তাছাড়া প্রধান প্রধান নৌ-পথে বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবে। সে সাথে ভোটার ও জনসাধারণের চলাচলের একমাত্র মাধ্যম হিসেবে সকল নৌ-যান চলাচলের ক্ষেত্রে ও দূর পাল্লার নৌ-যান চলাচলের ক্ষেত্রে এ নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না।

৩। এই আদেশ অমান্য করা হলে তা দন্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে।

৪। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

২১/৩/১৯

এস এম মোস্তফা কামাল
জেলা ম্যাজিস্ট্রেট
ফোন: ০৪৭১-৬৩২০১ (অফিস)
dcsatkhira@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৪.৮৭০০.০১২.১৬.০০১.১৯-১৯৯

০৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। পুলিশ সুপার, সাতক্ষীরা
৫। অধিনায়ক, ৩৩ বিজিবি, সাতক্ষীরা ব্যাটালিয়ন ও ১৭ বিজিবি, নীলডুমুর ব্যাটালিয়ন, সাতক্ষীরা
৬। সাতক্ষীরা ক্যাম্প কমান্ডার, র‍্যাব-৬, খুলনা
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), সাতক্ষীরা
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ..................সাতক্ষীরা। গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা। গণবিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শণের অনুরোধসহ
১০। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা। জেলা ও উপজেলায় গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) ................. থানা, সাতক্ষীরা
১২। জেলা নির্বাচন অফিসার, সাতক্ষীরা
১৩। উপজেলা নির্বাচন অফিসার (সকল) .................সাতক্ষীরা
১৪। কন্টিজেন কমান্ডার, কোস্টগার্ড কৈখালী, শ্যামনগর
১৫। সম্পাদক, ......................পত্রিকা, সাতক্ষীরা। তাঁর পত্রিকায় গণবিজ্ঞপ্তিটি সৌজন্যমূলক প্রকাশের অনুরোধসহ
১৬। ম্যানেজার, ......................স্যাটেলাইট, সাতক্ষীরা। তাঁর কেবল নেটওয়ার্কের মাধ্যমে গণবিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ

২১/৩/১৯
জেলা ম্যাজিস্ট্রেট
সাতক্ষীরা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়
সাতক্ষীরা
(জুডিশিয়াল মুন্সিখানা শাখা)

# গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২৪ মার্চ ২০১৯ তারিখে অনুষ্ঠিতব্য ৫ম উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন (৩য় পর্যায়) উপলক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের ১৪ মার্চ ২০১৯ এর ১৭.০০.০০০০.০৭৯.৪১.০১৭.১৯-১৫৯ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক সাতক্ষীরা জেলার অধিক্ষেত্রে কতিপয় যন্ত্রচালিত যানবাহন চলাচলের উপরে নিম্নরূপ নিষেধাজ্ঞা আরোপ করা হ'ল।

| ক্রম | চলাচল নিষিদ্ধ যন্ত্রচালিত যানবাহনের ধরণ | যে সময়কাল পর্যন্ত এই নিষেধাজ্ঞা কার্যকর থাকবে |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১. | যন্ত্রচালিত যানবাহন যেমন-(১) বেবিট্যাক্সি/অটোরিক্সা/ইজি বাইক (২) ট্যাক্সি ক্যাব (৩) মাইক্রোবাস (৪) জিপ (৫) পিকআপ (৬) কার (৭) বাস (৮) ট্রাক (৯) টেম্পো | পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২৩ মার্চ ২০১৯ তারিখ ১২:০০ টা হতে ভোট গ্রহণের দিন অর্থাৎ ২৪ মার্চ ২০১৯ তারিখ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত |
| ২. | সকল ধরণের মোটর সাইকেল | ভোট গ্রহণের পূর্ববর্তী ০২দিন অর্থাৎ ২২ মার্চ ২০১৯ তারিখ হতে ভোট গ্রহণের দিন অর্থাৎ ২৪ মার্চ ২০১৯ মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত |

২। উপরোল্লিখিত নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশি/বিদেশি পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশি/বিদেশি সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজ যেমন-এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এতদ্ব্যতীত জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিলের বিষয়ে প্রয়োজনীয় কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
৩। এই আদেশ অমান্য করা হলে তা দন্ডনীয় অপরাধ হিসাবে গণ্য হবে।
৪। জনস্বার্থে জারীকৃত এই আদেশ অনতিবিলম্বে কার্যকর হবে।

২১/৩/১৯
এস এম মোস্তফা কামাল
জেলা ম্যাজিস্ট্রেট
ফোন: ০৪৭১-৬৩২০১ (অফিস)
dcsatkhira@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৪.৮৭০০.০১২.১৬.০০১.১৯-১৯৮

০৭ চৈত্র ১৪২৫
২১ মার্চ ২০১৯

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা
৪। পুলিশ সুপার, সাতক্ষীরা
৫। অধিনায়ক, ৩৩ বিজিবি, সাতক্ষীরা ব্যাটালিয়ন ও ১৭ বিজিবি, নীলডুমুর ব্যাটালিয়ন, সাতক্ষীরা
৬। সাতক্ষীরা ক্যাম্প কমান্ডার, র‌্যাব-৬, খুলনা
৭। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব), সাতক্ষীরা
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল) . . . . . . . . . . . . . . . . . সাতক্ষীরা। গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা। গণবিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রদর্শণের অনুরোধসহ
১০। জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা। জেলা ও উপজেলায় গণবিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের অনুরোধসহ
১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) . . . . . . . . . . . . . . . . থানা, সাতক্ষীরা
১২। জেলা নির্বাচন অফিসার, সাতক্ষীরা
১৩। উপজেলা নির্বাচন অফিসার (সকল) . . . . . . . . . . . . . . . . সাতক্ষীরা
১৪। সম্পাদক, . . . . . . . . . . . . . . . . . . . . . পত্রিকা, সাতক্ষীরা। তাঁর পত্রিকায় গণবিজ্ঞপ্তিটি সৌজন্যমূলক প্রকাশের অনুরোধসহ
১৫। ম্যানেজার, . . . . . . . . . . . . . . . . . . . . . স্যাটেলাইট, সাতক্ষীরা। তাঁর কেবল নেটওয়ার্কের মাধ্যমে গণবিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ

২১/৩/১৯
জেলা ম্যাজিস্ট্রেট
সাতক্ষীরা